



# দুঃসাহসিক নেতৃত্বের চ্যালেঞ্জ গ্রহণ করুন
# দেশ প্রতিরক্ষায় অংশ নিন

আপনি কি বাংলাদেশের অবিবাহিত নাগরিক ? আপনার বয়স কি ১৭ হতে ২১ বৎসরের মধ্যে ?
আপনি কি মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগে উত্তীর্ণ হয়েছেন ?

**তাহলে, নির্বাচনী পরীক্ষায় কৃতকার্যতার মাধ্যমে বাংলাদেশ সেনাবাহিনীতে কমিশন্ড অফিসার হিসাবে যোগ দিন।**

সামরিক বাহিনীর কৃতিত্বপূর্ণ উজ্জ্বল পেশা আপনাকে একদিকে যেমন দিতে পারে মর্যাদাপূর্ণ, গর্বিত জীবনের নিশ্চয়তা, অপরদিকে আপনি পেতে পারেন মাতৃভূমির স্বাধীনতা, সার্বভৌমত্ব এবং অখন্ডতা রক্ষার জন্যে ভূমিকা পালনের দুর্লভ সুযোগ। এছাড়া এ চাকুরীতে আছে দেশ সেবা, ব্যক্তিত্বের বিকাশ, উন্নত জীবন, উজ্জ্বল ভবিষ্যত, প্রতিভার প্রস্ফুটন, বিদেশ ভ্রমণ, পদোন্নতি ও উচ্চশিক্ষাসহ আকর্ষণীয় বেতন-ভাতার সুবিধাদি।

*বাংলাদেশ সেনাবাহিনীতে কমিশন্ড অফিসার হিসাবে যোগ দিন মাতৃভূমির সেবায় অংশ নিন*

## বাংলাদেশ সেনাবাহিনী

আই এস পি আর নং-৯২৫

ডি এফ পি নং-২৭৮৬৯/১৬-১১-২০০০


# বাংলাদেশ নৌ বাহিনী

**এক্সিকিউটিভ, ইঞ্জিনিয়ারিং, সাপ্লাই ও ইলেকট্রিক্যাল শাখায়**

## অফিসার ক্যাডেট ভর্তি

☆ দেশ সেবা ☆ ব্যক্তিত্বের বিকাশ ☆ উন্নত জীবন ☆ উজ্জ্বল ভবিষ্যত ☆ প্রতিভার প্রস্ফুটন ☆ বিদেশ ভ্রমণ

**আপনিও নৌ বাহিনীতে ভর্তি হইয়া স্থায়ী কমিশন লাভ করিতে পারেন**



### উপযুক্ততা :

১। **বয়স** : (এ্যাফিডেভিট গ্রহণযোগ্য নয়)
 ক) বেসামরিক প্রার্থী : ১৬½ থেকে ২১ বৎসর
 খ) সামরিক বাহিনী প্রার্থী : ১৮ থেকে ২৫ বৎসর।

২। **শারীরিক মান (ন্যূনতম)** :
 ক) উচ্চতা : ১৬২.৫ সে: মি: মিটার (৫'-৪")
 খ) ওজন : বয়স ও উচ্চতা অনুযায়ী
 গ) বুকের মাপ : ৭৬ সে: মি: (স্বাভাবিক) ৮১ সেঃ মিঃ (সম্প্রসারিত)।

৩। **শিক্ষাগত যোগ্যতা** :
 ক) বেসামরিক প্রার্থী : এসএসসি (বিজ্ঞান) দ্বিতীয় বিভাগ (ন্যূনতম) এবং গণিত ও পদার্থ বিজ্ঞানসহ এইচএসসি, ২য় বিভাগ (ন্যূনতম)/ সিনিয়র কেমব্রিজ/ এ লেভেল অথবা সমমানের পরীক্ষায় পাস।
 খ) সামরিক বাহিনী প্রার্থী : নৌ বাহিনীর এইচ ই টি অথবা সেনা ও বিমান বাহিনীর সমতুল্য যোগ্যতা।

৪। **বৈবাহিক অবস্থা** : অবিবাহিত।

৫। **জাতীয়তা** : জন্ম/ডোমিসাইল সূত্রে বাংলাদেশী পুরুষ নাগরিক।

### অযোগ্যতা :

৬। সেনা, নৌ ও বিমান বাহিনী বা যে কোন সরকারী চাকুরী হইতে বরখাস্ত বা অপসারিত হইলে।
৭। আইএসএসবি কর্তৃক দুইবার ক্লীণ্ড আউট/প্রত্যাখ্যাত।
৮। সেনা, নৌ ও বিমান বাহিনীর আপীল মেডিকেল বোর্ড কর্তৃক অযোগ্য বিবেচিত হইলে।
৯। যে কোন বিচারালয় হইতে দণ্ডপ্রাপ্ত হইলে।

### মনোনয়ন পদ্ধতি :

১০। প্রাথমিক ডাক্তারী পরীক্ষা ও প্রাথমিক সাক্ষাৎকার : ঢাকা, চট্টগ্রাম, খুলনা, বগুড়া, বরিশাল, রাজশাহী, রংপুর এবং কুমিল্লা কেন্দ্রে প্রাথমিক ডাক্তারী পরীক্ষা এবং প্রাথমিক সাক্ষাৎকার অনুষ্ঠিত হইবে।

১১। লিখিত পরীক্ষা: প্রাথমিক ডাক্তারী পরীক্ষায় উপযুক্ত এবং প্রাথমিক সাক্ষাৎকারে সুপারিশকৃত প্রার্থীগণের সাধারণ জ্ঞান, ইংরেজী, পদার্থ বিজ্ঞান এবং গণিত বিষয়ে প্রাথমিক ডাক্তারী পরীক্ষা/প্রাথমিক সাক্ষাৎকার অনুষ্ঠানের কেন্দ্রসমূহে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হইবে।

১২। আইএসএসবি কর্তৃক পরীক্ষা ও সাক্ষাৎকার: লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের আইএসএসবি কর্তৃক পরীক্ষা ও সাক্ষাৎকার আন্তঃবাহিনী নির্বাচন পর্ষদ, ঢাকা সেনানিবাসে অনুষ্ঠিত হইবে।

১৩। চূড়ান্ত ডাক্তারী পরীক্ষা : আইএসএসবি এ উত্তীর্ণ প্রার্থীদের চূড়ান্ত ডাক্তারী পরীক্ষা বি এন এস হাজী মহসীনের মাধ্যমে সি এম এইচ, ঢাকায় অনুষ্ঠিত হইবে।

১৪। চূড়ান্ত মনোনয়ন : নৌ বাহিনী সদর দপ্তরে অনুষ্ঠিতব্য সাক্ষাৎকারের মাধ্যমে প্রার্থীদেরকে চূড়ান্ত মনোনয়ন প্রদান করা হইবে। চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীগণ বাংলাদেশ 'নেভাল একাডেমী, চট্টগ্রামে যোগদান করিবেন।

### প্রশিক্ষণ :

১৫। বিদেশে প্রশিক্ষণ : প্রশিক্ষণের বিভিন্ন পর্যায় এবং কমিশন প্রাপ্তির পর মেধাবী অফিসার ক্যাডেটগণকে প্রশিক্ষণের জন্য বিদেশে প্রেরণ করা হয়।

১৬। স্নাতক ডিগ্রী : একাডেমীতে পেশাগত প্রশিক্ষণের সাথে সাথে বিএসসি এর পাঠ্য বিষয়সমূহ পড়ানো হয় এবং পরীক্ষা সাপেক্ষে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক বিএসসি ডিগ্রী প্রদান করা হয়।

১৭। ইঞ্জিনিয়ারিং ডিগ্রী : ইঞ্জিনিয়ারিং এবং ইলেকট্রিক্যাল শাখার ক্যাডেটগণকে BUET/BIT এ সাফল্যজনক শিক্ষা শেষে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী প্রদান করা হয়।

### বেতন ও ভাতা :

১৮। সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য সুবিধাদিসহ সশস্ত্র বাহিনীর বেতনক্রম অনুযায়ী বেতন ও ভাতাদি প্রাপ্য হইবে।

১৯। চাকুরীকালীন পংগুত্ব বা মৃত্যুর ক্ষেতে ৩,৫০,০০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত বীমা সুবিধা এবং পরিবারের জন্য রহিয়াছে বেনাভোলেন্ট ফান্ডের আর্থিক সুবিধা।

### আবেদনপত্র সংগ্রহের নিয়ম :

২০। সোনালী ব্যাংক, নেভাল হেডকোয়ার্টারস শাখায়, রক্ষিত 'ট্রেনিং-কাম-রিক্রুটমেন্ট' ফান্ড হিসাব নং ৩৪০০১৩০৭ এর অনুকূলে বাংলাদেশের যে কোন তফসিলি বাণিজ্যিক ব্যাংক হইতে ক্রয়কৃত ও তাহাদের ঢাকাস্থ মহাখালী/বনানী/ফার্মগেট/ঢাকা ক্যান্টনমেন্ট এলাকার শাখায় পরিশোধযোগ্য ৭৫.০০ (পঁচাত্তর) টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) জমা করিয়া নিম্নে বর্ণিত ঠিকানাসমূহ হইতে আবেদনপত্র সংগ্রহ করিতে হইবে :

ক। গার্ডরুম, নৌ বাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা-১২১৩।
খ। নৌ বাহিনী ভর্তি ও তথ্য কেন্দ্র, বি এন এস হাজী মহসীন, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।
গ। নৌ বাহিনী ভর্তি ও তথ্য কেন্দ্র, টাইগার পাস, চট্টগ্রাম।
ঘ। নৌ বাহিনী ভর্তি ও তথ্য কেন্দ্র, বাড়ি নং ৪২, ষ্টেশন রোড, আলম নগর, রংপুর।
ঙ। বা নৌ জা তিতুমীর, শহর খালিশপুর, খুলনা।
চ। ষ্টেশন হেডকোয়ার্টারস, বগুড়া সেনানিবাস, বগুড়া।
ছ। ক্যাডেট কলেজ সমূহ (কেবলমাত্র ক্যাডেট কলেজের ছাত্র)।
জ। সকল জেলা সশস্ত্র বাহিনী বোর্ড (ডিএএসবি) অফিস সমূহ (ঢাকা, চট্টগ্রাম, খুলনা, বগুড়া ও রংপুর ব্যতীত)।
ঝ। ডাকযোগে আবেদনপত্র সংগ্রহ করিতে হইলে পূর্ব বর্ণিত ব্যাংক ড্রাফটের সাথে ১২.০০ (বার) টাকার অব্যবহৃত ডাক টিকেট লাগানো (২৩x১০ সে: মি: সাইজের) একটি খামে নিজের ঠিকানা লিখিয়া পরিচালক পার্সনেল সার্ভিসেস, নৌ বাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা-১২১৩ এ পাঠাইতে হইবে।

### আবেদনপত্রের সাথে নিম্ন বর্ণিত কাগজপত্র আবশ্যক :

২১। সম্প্রতি তোলা ০৪ কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি (আবেদনপত্রের নির্ধারিত স্থানে এক কপি ছবি ভালভাবে লাগাইতে হইবে এবং বাকী ০৩ কপি ছবি সাথে সংযুক্ত করিতে হইবে)।

২২। শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট/সাময়িক সার্টিফিকেট/ টেষ্টিমোনিয়েল এবং মার্কশীট এর সত্যায়িত ফটোকপি (মূলকপি নৌ সদর কর্তৃক চূড়ান্ত মনোনয়নের পূর্বে জমা দিতে হইবে)।

২৩। নিজ ঠিকানা সম্বলিত (২৩x১০ সে: মি: সাইজের) ৮.০০ (আট) টাকার অব্যবহৃত ডাক টিকেট লাগানো একটি খাম।

২৪। বৈবাহিক অবস্থা ও স্থায়ী ঠিকানা উল্লেখসহ স্ব স্ব ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার অথবা ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নিকট হইতে প্রার্থীর নাগরিকত্ব ও চারিত্রিক প্রশংসাপত্র।

### বিশেষ দ্রষ্টব্য :

২৫। ভর্তি পরীক্ষায় ইংরেজী ব্যতীত সকল বিষয়ে বাংলা ভাষা ব্যবহার করা যাইতে পারে।
২৬। ক্যাডেট কলেজের প্রার্থীদের প্রাথমিক ডাক্তারী ও লিখিত পরীক্ষা হইতে অব্যাহতি দেওয়া হইবে।
২৭। ক্যাডেট কলেজ প্রার্থীদের নৌ বাহিনী সদর দপ্তরে প্রাথমিক সাক্ষাৎকার গ্রহণ করা হইবে!
২৮। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর ও তারিখ আবেদনপত্রে উল্লেখ করিতে হইবে।
২৯। চাকুরীরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।
৩০। আইএসএসবি ব্যতীত অন্যান্য পরীক্ষা/ইন্টারভিউর জন্য কোন প্রকার দৈনিক/ভ্রমণ ভাতা প্রদান করা হইবে না।
৩১। অসম্পূর্ণ এবং এক নামে একাধিক আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।
৩২। খামের উপরে 'অফিসার ক্যাডেট পদে ভর্তি' এবং 'পরীক্ষা কেন্দ্রের' নাম লিখিতে হইবে।
৩৩। মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য উক্ত ক্যাডেট নির্বাচনের সকল শর্ত পূরণ সাপেক্ষে ৩০% আসন নির্ধারিত থাকিবে। প্রমাণ স্বরূপ বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল/নৌ বাহিনী সদর দপ্তর কর্তৃক প্রদত্ত পিতা/মাতার মুক্তিযুদ্ধের সনদপত্র এবং সন্তান হিসেবে এই কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত ফটোকপি সংশ্লিষ্ট প্রার্থী কর্তৃক অবশ্যই আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।

### কখন ভর্তি করা হয় :

৩৪। প্রতি বৎসর ডিসেম্বর এবং জুন মাসে দুইবার ক্যাডেট ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। নৌ বাহিনী সদর দপ্তর কর্তৃক বহুল প্রচারিত জাতীয় দৈনিক সংবাদসমূহে যথাসময়ে এই বিষয়ে বিজ্ঞাপন প্রকাশিত হইয়া থাকে।
৩৫। উক্ত বিজ্ঞাপনের শর্ত অনুযায়ী যথাযথভাবে আবেদনপত্র ফরম পূরণ করতঃ নির্ধারিত তারিখের মধ্যে নিম্ন ঠিকানায় আবেদনপত্র প্রেরণ করিতে হয়।

**হুঁশিয়ারী**

ভর্তির ব্যাপারে কোন অসৎ ব্যক্তির সহিত যোগাযোগ করিয়া প্রতারিত হইবেন না।

*বিস্তারিত জানার জন্য নিম্ন ঠিকানায় যোগাযোগ করা যাইতে পারে:*

পরিচালক
পার্সনেল সার্ভিসেস পরিদপ্তর
নৌ বাহিনী সদর দপ্তর,
বনানী, ঢাকা-১২১৩

আই এস পি আর নং-৯২১

ডি এফ পি নং-২৭৮৬৫/১৬-১১-২০০০